প্রগতি

সাংস্কৃতিক প্রতিযোগিতা ২০২৬

(নবম বর্ষ) ✦ পরিচালনায়ঃ প্রগতি , দ্বীপামালিতা

অঙ্কন ✦ আবৃত্তি ✦ যোগাসন ✦ নৃত্য ✦ সঙ্গীত ✦ ক্যুইজ ✦ দাবা ✦ ইংলিশ ট্যালেন্ট হান্ট ✦
তবলা লহরা ✦ রুবিক্স কিউব ✦ মোবাইল ফোটোগ্রাফি ✦ সুডোকু ✦ আলপনা ✦ শব্দছক ✦
সুন্দর হাতের লেখা ✦ বিজ্ঞান মডেল প্রদর্শনী

এবং

নাটিকা ✦ হাসির হাট ✦ অনন্য প্রতিভার সন্ধানে ✦ কুমার শানু ও লতা মঙ্গেশকর কণ্ঠের সন্ধানে

স্থান : দ্বীপামালিতা খেলার মাঠ, দেউলটি, বাগনান, হাওড়া ✦ তারিখ : ২৪শে - ২৭শে ডিসেম্বর ২০২৬

বিশদ বিবরণে ফোন : 8240028929 / 8345884054 / 9932755222 ✦ Facebook: PragatiAcademyOnline

নাম নথিভুক্তকরণ : www.pragatiacademy.org / 8240028929 (Whatsapp) / 8345884054 (Call)

- আবেদন -

সুধী,

শিক্ষা শুধু পাঠ্যপুস্তকের জ্ঞান নয়; সৃজনশীলতা, আত্মবিশ্বাস ও মানবিক মূল্যবোধের বিকাশও। এই ভাবনায় প্রগতি আয়োজন করছে **সাংস্কৃতিক প্রতিযোগিতা ২০২৬**, আগামী **২৪-২৭ ডিসেম্বর**, দ্বীপামালিতা খেলার মাঠ, বাগনান, হাওড়ায়।

এবারের প্রতিযোগিতায় থাকছে অঙ্কন, আবৃত্তি, ক্যুইজ, যোগাসন, সঙ্গীত, নৃত্য, ইংলিশ ট্যালেন্ট হান্ট, তবলা লহরা, রুবিক্স কিউব, দাবা, ফোটোগ্রাফি, সুডোকু, আলপনা, শব্দছক, সুন্দর হাতের লেখা, বিজ্ঞান মডেল প্রদর্শনী, নাটিকা, হাসির হাট, আমি অনন্য এবং কুমার শানু ও লতা মঙ্গেশকর কণ্ঠের সন্ধানে প্রতিযোগিতা।

বিগত বছরগুলিতে বিভিন্ন জেলার প্রতিযোগীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে প্রগতির মঞ্চ হয়ে উঠেছে প্রতিভা ও সংস্কৃতির এক অনন্য মিলনক্ষেত্র। অংশগ্রহণকারীদের অঞ্চলসমূহ -
হাওড়া ➤ এ. জে. সি. বোস বোটানিকাল গার্ডেন, আমতা, বাগনান, বালি, ব্যাঁটরা, বালিটিকুরি, বাউড়িয়া, বীরশিবপুর, চাটার্জিহাট, দাসনগর, ডোমজুড়, ফুলেশ্বর, গোলাবাড়ি, জগাছা, জগতবল্লভপুর, জয়পুর, লিলুয়া, নিশ্চিন্দা, পাঞ্চলা, পেঁড়ো, রাজাপুর, সাঁকরাইল, শিবপুর, শ্যামপুর, সিলামপুর, উদয়নারায়ণপুর, উলুবেড়িয়া। কলকাতা ➤ বেহালা, বেলেঘাটা, বেলঘরিয়া, বিরাটি, দমদম, কাশীপুর, পাটুলি, সরশুনা, শ্যামপুকুর, সোনারপুর, ঠাকুরপুকুর। হুগলি ➤ চন্দননগর, চুঁচুড়া, চন্ডীতলা, ডানকুনি, গোঘাট, জাঙ্গিপাড়া, খানাকুল, মগরা, পুরশুড়া, শ্রীরামপুর, শেওড়াফুলি, সিঙ্গুর, উত্তরপাড়া। পূর্ব মেদিনীপুর ➤ ভূপতিনগর, চাঁদিপুর, এগরা, হলদিয়া, খেজুরী, কাঁথি, কোলাঘাট, ময়না, মেচেদা, মহিষাদল, নন্দকুমার, পাঁশকুড়া, পটাশপুর, শহীদ মাতঙ্গিনী, সুতাহাটা, তমলুক। পশ্চিম মেদিনীপুর ➤ বেলদা, দাঁতন, দাসপুর, ডেবরা, ঘাটাল, কোতোয়ালি, খড়গপুর টাউন, খড়গপুর (লোকাল), মোহনপুর, মাধপুর, মেদিনীপুর, নারায়ণগড়, পিংলা, সবং। উত্তর ২৪ পরগনা ➤ অশোকনগর, বারাসাত, বসিরহাট, বিজপুর, দত্তপুকুর, হাবড়া,ঘোলা, জগদ্দল, খড়দহ, মধ্যমগ্রাম, নিউ ব্যারাকপুর, নোয়াপাড়া, সোদপুর। দক্ষিণ ২৪ পরগনা ➤ ডায়মন্ড হারবার, ফালতা, কালীতলা আশুতি, মহেশতলা, মথুরাপুর, পূজালী। নদিয়া ➤ চাকদহ, হাঁসখালী , হরিণঘাটা, রানাঘাট, শান্তিপুর। বাঁকুড়া ➤ ওন্দা। পশ্চিম বর্ধমান ➤ নিউ টাউনশিপ।

"প্রগতি" বিশ্বাস করে, প্রতিটি মানুষের মধ্যেই লুকিয়ে রয়েছে অফুরন্ত সম্ভাবনা। সেই প্রতিভার বিকাশ ও আত্মপ্রকাশের মঞ্চ গড়ে তুলে আসুন, শিল্প ও সংস্কৃতির বন্ধনে এক উজ্জ্বল, সৃজনশীল ও মূল্যবোধসমৃদ্ধ আগামী প্রজন্ম গড়ে তুলি।
প্রগতি - প্রতিভার বিকাশে, সংস্কৃতির বন্ধনে।

তাং – ২২শে অক্টোবর, ২০২৬
দ্বীপামালিতা, বাগনান, হাওড়া

বিনীত
প্রগতি পরিচালন কমিটি

-: অনুষ্ঠানের সময়সূচি :-

✿—— ২৪ শে ডিসেম্বর ২০২৬, বৃহস্পতিবার ——✿

সকাল ৮:৩০ টায় : শুভ উদ্বোধন

সংগঠনের সভাপতি **শ্রী পরেশ চন্দ্র দাস** মহাশয়ের শুভহস্তে অনুষ্ঠানের আনুষ্ঠানিক উদ্বোধন। এই শুভ সূচনাপর্বে উপস্থিত থাকবেন এলাকার বিশিষ্ট ব্যক্তিবর্গ, সমাজসেবী, শিক্ষাবিদ ও অন্যান্য আমন্ত্রিত বিশিষ্ট অতিথিবৃন্দ। তাঁদের উপস্থিতি ও শুভেচ্ছাবার্তা অনুষ্ঠানের সূচনাকে আরও গৌরবময় করে তুলবে।

সারা বাংলা যোগাসন প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ

বিভাগ	সময়	মঞ্চ	বয়স	বিষয়
ক	সকাল ৯:00 টায়	নজরুল মঞ্চ	৭ বৎসর পর্যন্ত	তালিকা থেকে পছন্দ মতো যেকোনো ৪টি আসন
খ	সকাল ৯:00 টায়	বিবেকানন্দ মঞ্চ	৭+ থেকে ১১ বৎসর পর্যন্ত	তালিকা থেকে পছন্দ মতো যেকোনো ৩টি আসন ও ১ টি বিশেষ আসন
গ	দুপুর ২:00 টায়	নজরুল মঞ্চ	১১+ থেকে ১৫ বৎসর পর্যন্ত	
ঘ	দুপুর ২:00 টায়	বিবেকানন্দ মঞ্চ	১৫+ থেকে ৩৫ বৎসর পর্যন্ত	
সমস্ত বিভাগ	বিকেল ৪ টায়	নজরুল মঞ্চ	প্রথম স্থানাধিকারী বালক	সেরার সেরা পর্বের যোগাসন : ১ টি করে ব্যাক বেন্ডিং, ফ্রন্ট বেন্ডিং, লেগ ব্যালান্স, হ্যান্ড ব্যালান্স
সমস্ত বিভাগ	বিকেল ৪ টায়	বিবেকানন্দ মঞ্চ	প্রথম স্থানাধিকারী বালিকা	

জ্ঞাতব্য বিষয়

- প্রত্যেকটি বিভাগ বালক বালিকা পৃথক ভাবে।
- যোগাসনের তালিকা আমাদের ওয়েবসাইট থেকে বা ফেসবুক পেজ থেকে ডাউনলোড করতে পারেন।
- প্রতিযোগী যেকোনো সংস্থা থেকে বা ব্যক্তিগতভাবে এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারে।

পুরস্কার

- ক , খ বিভাগে **শীর্ষ ১৫ জন** প্রতিযোগী পাবেন **আকর্ষণীয় পুরস্কার।**
- গ, ঘ বিভাগে **শীর্ষ ১০ জন** প্রতিযোগী পাবেন **আকর্ষণীয় পুরস্কার।**
- এছাড়াও বাকি **সমস্ত প্রতিযোগীর** জন্য থাকছে **বিশেষ পুরস্কার।**
- ক বিভাগের **প্রত্যেক প্রতিযোগীর** জন্য থাকছে **বিশেষ উপহার।**
- **সর্বকনিষ্ঠ যোগাসন প্রতিভা পুরস্কার।**
- **প্রবীণতম যোগাসন প্রতিভা পুরস্কার।**
- প্রতিটা বিভাগের বালকদের জন্য **সেরার সেরা** পুরস্কার **রুপোর সরস্বতী।**
- প্রতিটা বিভাগের বালিকাদের জন্য **সেরার সেরা** পুরস্কার **রুপোর সরস্বতী।**

সারা বাংলা সঙ্গীত প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ রবীন্দ্র মঞ্চ

বিভাগ	সময়	বয়স	বিষয়
ক	সকাল ৯ টায়	১১ বৎসর পর্যন্ত	যেকোনো একটি রবীন্দ্র সংগীত
খ	দুপুর ১ টায়	১১+ থেকে ১৬ বৎসর পর্যন্ত	যেকোনো একটি নজরুলগীতি / দেশাত্ববোধক গান
গ	বিকেল ৪ টায়	১৬ ঊর্ধে	যেকোনো একটি লোকসংগীত / বাংলা আধুনিক গান
সমস্ত বিভাগ	বিকেল ৫ টায়	সমস্ত বিভাগের প্রথম স্থানাধিকারী	সেরার সেরা পর্ব : প্রাপ্ত নম্বরের ভিত্তিতে অথবা নিজের পছন্দমতো যেকোনো একটি রুচি সম্মত বাংলা গান

জ্ঞাতব্য বিষয়

- সঙ্গীত প্রতিযোগিতার জন্য উপযুক্ত বাদ্যযন্ত্র ও সহকারীর ব্যবস্থা থাকবে। সহকারীর জন্য কোনও অতিরিক্ত অর্থ দিতে হবে না। তবে প্রতিযোগীরা নিজস্ব সঙ্গতকার ও বাদ্যযন্ত্র আনতে পারেন।

পুরস্কার

- প্রতিটি বিভাগে **শীর্ষ ১০ জন** করে মোট **৩০ জন প্রতিযোগীর** জন্য থাকছে **আকর্ষণীয় পুরস্কার!**
- এছাড়াও বাকি **সমস্ত প্রতিযোগীর** জন্য থাকছে **বিশেষ পুরস্কার**।
- ক বিভাগের **প্রত্যেক প্রতিযোগীর** জন্য থাকছে **বিশেষ উপহার।**
- ক, খ ও গ - তিনটি বিভাগ মিলিয়ে সেরার সেরা প্রতিযোগীর জন্য থাকছে **রুপোর সরস্বতী।**

সারা বাংলা নাটিকা প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ সন্ধ্যা ৬:০০ টায়

দল	সময়সীমা	বয়স
প্রতি দলে সর্বোচ্চ ৬ জন	মঞ্চ প্রস্তুতি ও পরিষ্কার ৫ মিনিট, পরিবেশন ২৫ মিনিট	সর্বসাধারণ

জ্ঞাতব্য বিষয়

- কোনও প্রবেশমূল্য নেই।
- সংলাপ অবশ্যই সরাসরি বলতে হবে; রেকর্ড করা সংলাপ ব্যবহার করা যাবে না।
- প্রয়োজনে ব্যাকগ্রাউন্ড মিউজিক ব্যবহার করা যাবে।
- মোট সময়সীমা ৩০ মিনিট। অনুগ্রহ করে এই সময়ের মধ্যে নাটকটি শেষ করার চেষ্টা করবেন।
- নাটকের বিষয়বস্তু কোনও সরাসরি রাজনৈতিক প্রচার, রাজনৈতিক মতাদর্শ বা বিতর্কিত ও সংবেদনশীল বিষয়কেন্দ্রিক হওয়া চলবে না। বিষয়বস্তু ও ভাষা শালীন হতে হবে।
- প্রয়োজনীয় পোশাক, প্রপস ও অন্যান্য সরঞ্জাম প্রতিযোগীদের নিজেদের আনতে হবে।
- অভিনয়, সংলাপ, সৃজনশীলতা, বিষয়বস্তু ও সামগ্রিক উপস্থাপনার ভিত্তিতে বিচার করা হবে।
- নাটিকা প্রতিযোগিতায় সর্বাধিক ৫টি দল অংশগ্রহণ করতে পারবে।
- আবেদন জমা দেওয়ার পর এক সপ্তাহের মধ্যে আয়োজক কমিটির পক্ষ থেকে অংশগ্রহণের বিষয়টি নিশ্চিত করা হবে।

পুরস্কার

- **শীর্ষ ৩টি গ্রুপ** পাবেন **আকর্ষণীয় পুরস্কার**।
- এছাড়াও বাকি **সমস্ত প্রতিযোগীর** জন্য থাকছে **বিশেষ পুরস্কার।**

✿—— ২৫ শে ডিসেম্বর ২০২৬, শুক্রবার ——✿

সারা বাংলা অঙ্কন প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ সকাল ১১.০০ টায়

বিভাগ	বয়স	সময়সীমা	বিষয়
ক	৬ বৎসর পর্যন্ত	১ ঘন্টা ৩০ মিনিট	রং ভরো, রং ভরো ছবি আমাদের ফেসবুক পেজ বা ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারেন, রং ভরতে হবে প্যাস্টেল কালার দিয়ে।
খ	৬+ থেকে ৯ বৎসর পর্যন্ত	২ ঘন্টা	যেমন খুশী আঁকো - যে কোনো মাধ্যমে আঁকা যাবে
গ	৯+ থেকে ১২ বৎসর পর্যন্ত	২ ঘন্টা	যেমন খুশী আঁকো - যে কোনো মাধ্যমে আঁকা যাবে
ঘ	১২+ থেকে ১৬ বৎসর পর্যন্ত	২ ঘন্টা	যেমন খুশী আঁকো - যে কোনো মাধ্যমে আঁকা যাবে
ঙ	১৬ ঊর্ধে	২ ঘন্টা	স্টিল লাইফ স্টাডি - প্রতিযোগিতার স্থানে কিছু objects দেওয়া হবে - দেখে যে কোন মাধ্যমে আঁকতে হবে

পুরস্কার

- প্রতিটি বিভাগে **শীর্ষ ১০ জন** করে মোট **৫০ জন প্রতিযোগীর** জন্য থাকছে **আকর্ষণীয় পুরস্কার!**
- এছাড়াও বাকি **সমস্ত প্রতিযোগীর** জন্য থাকছে **বিশেষ পুরস্কার।**
- ক ও খ বিভাগের **প্রত্যেক প্রতিযোগীর** জন্য থাকছে **বিশেষ উপহার।**
- সবচেয়ে সৃজনশীল ও অভিনব ভাবনার ছবির জন্য থাকছে - **সৃজনশীলতার সেরা পুরস্কার।**
- রঙের সুন্দর ও আকর্ষণীয় ব্যবহারের জন্য থাকছে - **রঙের সেরা ব্যবহার পুরস্কার।**
- বিচারকমণ্ডলীর বিশেষভাবে প্রশংসিত ছবির জন্য থাকছে - **বিচারকমণ্ডলীর বিশেষ পুরস্কার।**
- প্রতিটি বিভাগের প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থানাধিকারীর ছবি এবং বিশেষ পুরস্কারপ্রাপ্ত ছবিগুলি সুন্দরভাবে ফ্রেমে বাঁধিয়ে, সংশ্লিষ্ট প্রতিযোগীর নাম ও ঠিকানাসহ প্রতিযোগিতার প্রাঙ্গণে দর্শকদের জন্য প্রদর্শিত হবে।
- ক, খ ও গ - তিনটি বিভাগ মিলিয়ে সেরার সেরা প্রতিযোগীর জন্য থাকছে **রুপোর সরস্বতী।**
- ঘ ও ঙ - দুটি বিভাগ মিলিয়ে সেরার সেরা প্রতিযোগীর জন্য থাকছে **রুপোর সরস্বতী।**

সারা বাংলা শব্দছক প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ দুপুর ১২:০০ টায়

দল	সময়সীমা	বয়স	বিষয়
প্রতি দলে ২ জন	১ ঘন্টা	সর্বসাধারণ	একটি বাংলা শব্দছক

জ্ঞাতব্য বিষয়

- নির্ধারিত সময়ে সর্বাধিক সঠিক উত্তর দেওয়ার ভিত্তিতে বিজয়ী নির্বাচন করা হবে।
- উত্তর লেখার সময় বানান সঠিক হতে হবে। মোবাইল ফোন, বই বা অন্য কোনও সহায়ক উপকরণ ব্যবহার করা যাবে না।
- একই নম্বর পেলে আগে জমা দেওয়ার ভিত্তিতে স্থান নির্ধারিত হবে।

পুরস্কার

- **শীর্ষ ৬টি গ্রুপ** পাবেন **আকর্ষণীয় পুরস্কার।**
- এছাড়াও বাকি **সমস্ত প্রতিযোগীর** জন্য থাকছে **বিশেষ পুরস্কার।**

সারা বাংলা আলপনা প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ দুপুর ১:০০ টায়

সময়সীমা	বয়স	বিষয়
১ ঘন্টা ৩০ মিনিট	সর্বসাধারণ	রাস্তার আলপনা প্রতিযোগিতা

জ্ঞাতব্য বিষয়

- আলপনা আঁকার স্থান হবে ২ ফুট × ২ ফুট বর্গাকার।
- শুধুমাত্র সাদা রং ব্যবহার করা যাবে।
- সংগঠনের পক্ষ থেকে শুধু সাদা ডিস্টেম্পার দেওয়া হবে। বাকি প্রয়োজনীয় সরঞ্জাম প্রতিযোগীকে বাড়ি থেকে আনতে হবে।
- সুতো ব্যবহার করা যাবে।
- দেব-দেবী ও মনীষীদের ছবি আঁকা যাবে না। কোনও ধর্মীয় অনুভূতিতে আঘাত করে বা রাজনৈতিক বিতর্ক সৃষ্টি করে, এমন নকশা করা যাবে না।

পুরস্কার

- **শীর্ষ ৬ জন প্রতিযোগী** পাবেন **আকর্ষণীয় পুরস্কার।**
- এছাড়াও বাকি **সমস্ত প্রতিযোগীর** জন্য থাকছে **বিশেষ পুরস্কার।**

সারা বাংলা ক্যুইজ প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ দুপুর ১:০০ টায়, রবীন্দ্র মঞ্চ

বিভাগ	পর্ব	সময়	বয়স	বিষয়
ক, খ, গ	বাছাই	দুপুর ১ - ১:৩০ টা	-	সমস্ত বিষয়ের উপর
ক	চূড়ান্ত	দুপুর ৩ টা	১১ বৎসর পর্যন্ত	
খ	চূড়ান্ত	বিকেল ৪ টা	১১+ থেকে ১৬ বৎসর পর্যন্ত	
গ	চূড়ান্ত	বিকেল ৫:৩০ টা	১৬ ঊর্ধে	

জ্ঞাতব্য বিষয়

- প্রতি গ্রুপে ২ জন করে। দুজনের মধ্যে পারস্পরিক আলোচনা ও সহযোগিতার মাধ্যমে উত্তর দেওয়ার সুযোগ থাকবে।
- কুইজ প্রতিযোগিতার প্রথম পর্ব লিখিত নেওয়া হবে। সকল প্রতিযোগীকে কলম ও এক্সাম বোর্ড নিয়ে আসতে হবে।
- প্রাথমিক পর্বের ফলাফলের ভিত্তিতে নির্বাচিত দলগুলি পরবর্তী পর্বে অংশগ্রহণের সুযোগ পাবে।
- কুইজ প্রতিযোগিতাটি পরিচালনা করবেন একটি স্বনামধন্য ও অভিজ্ঞ কুইজ পরিচালনাকারী দল। প্রতিযোগীদের জন্য থাকছে আকর্ষণীয় প্রশ্ন ও নতুন অভিজ্ঞতার সুযোগ।

পুরস্কার



- প্রতি বিভাগে **শীর্ষ ৬টি দলের** প্রত্যেক সদস্যের জন্য থাকছে **আকর্ষণীয় পুরস্কার!**
- এছাড়াও বাকি **সমস্ত প্রতিযোগীর** জন্য থাকছে **বিশেষ পুরস্কার।**
- ক বিভাগের **প্রত্যেক প্রতিযোগীর** জন্য থাকছে **বিশেষ উপহার।**

সারা বাংলা সুডোকু প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ দুপুর ১:৩০ টায়

বিভাগ	বয়স	বিষয়
ক	১৪ বৎসর পর্যন্ত	এটি 9X9 গ্রিড থাকবে। 1 থেকে 9 পর্যন্ত সংখ্যা এমনভাবে বসাতে হবে যাতে কোনো সারি (row), কলাম (column) বা ছোট ঘর (3x3 বক্স)-এর ভেতরে কোনো সংখ্যা পুনরাবৃত্তি না হয়।
খ	১৪ উর্দ্ধে	

জ্ঞাতব্য বিষয়

- প্রত্যেক প্রতিযোগীর জন্য 5 টি সুডোকু থাকবে। প্রত্যেকটি সুডোকু সমাধানের জন্য আলাদা আলাদা নম্বর থাকবে। সুডোকু 1 - 10 নম্বর, সুডোকু 2 - 20 নম্বর, সুডোকু 3 - 30 নম্বর, সুডোকু 4 - 40 নম্বর, সুডোকু 5 - 50 নম্বর, মোট 150 নম্বর। মোট সময় থাকবে 90 মিনিট। একই নম্বর পেলে আগে জমা দেওয়ার ভিত্তিতে স্থান নির্ধারিত হবে।
- রাফ ওয়ার্কের জন্য পেন্সিল ব্যবহার করা যেতে পারে। উত্তরটি পরিষ্কার হতে হবে। উত্তর টি সম্পূর্ণ হতে হবে। আংশিক উত্তর গ্রহণযোগ্য নয়।
- দুটি বিভাগের জন্য আলাদা সুডোকু থাকবে। একই বিভাগের সমস্ত প্রতিযোগীর জন্য একই সুডোকু ছক থাকবে।

উদাহরণ	সমাধান
	

পুরস্কার

- প্রতি বিভাগে **শীর্ষ ৬ জন** প্রতিযোগী পাবেন **আকর্ষণীয় পুরস্কার।**
- এছাড়াও বাকি **সমস্ত প্রতিযোগীর** জন্য থাকছে **বিশেষ পুরস্কার।**

সারা বাংলা সুন্দর হাতের লেখা প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ দুপুর ২:৩০ টায়

বিভাগ	বয়স	সময়সীমা	পাতা	বিষয়
ক	১১ বৎসর পর্যন্ত	৩০ মিঃ	রুল টানা	বাংলা ৮ লাইন + ইংরেজি ৭ লাইন
খ	১১+ থেকে ১৫ বৎসর পর্যন্ত	৩০ মিঃ	সাদা	বাংলা ১৫ লাইন + ইংরেজি ১৫ লাইন
গ	১৫ ঊর্ধে	৩০ মিঃ	সাদা	বাংলা ২০ লাইন + ইংরেজি ২০ লাইন

জ্ঞাতব্য বিষয়

- সংস্থার দেওয়া বাংলা ও ইংরেজি লেখা নির্ধারিত সময়ের মধ্যে দেখে দেখে লিখতে হবে।
- হাতের লেখার সৌন্দর্য, অক্ষরের স্পষ্টতা, পরিচ্ছন্নতা, বানান ও লেখার সঠিক বিন্যাসের ভিত্তিতে বিচার করা হবে।
- গ্রুপ A: HB পেনসিল ব্যবহার করতে পারবে। গ্রুপ B ও C: নীল বা কালো কালির বলপেন ব্যবহার করতে হবে। জেল পেন বা ফাউন্টেন পেন ব্যবহার করা যাবে না।

পুরস্কার

- প্রতি বিভাগে **শীর্ষ ৬ জন** পাবেন **আকর্ষণীয় পুরস্কার** ।
- এছাড়াও বাকি **সমস্ত প্রতিযোগীর** জন্য থাকছে বিশেষ পুরস্কার।
- ক বিভাগের **প্রত্যেক প্রতিযোগীর** জন্য থাকছে **বিশেষ উপহার।**
- ক, খ ও গ - তিনটি বিভাগ মিলিয়ে সেরার সেরা প্রতিযোগীর জন্য থাকছে **রুপোর কলম ।**

সারা বাংলা রুবিক্স কিউব প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ দুপুর ২:০০ টায়, নজরুল মঞ্চ

বিভাগ	প্রতিবারের সর্বোচ্চ সময়সীমা	বয়স	বিষয়
ক	৫ মিনিট	১৪ বৎসর পর্যন্ত	৩ x ৩ রুবিক্স কিউব
খ	৫ মিনিট	১৪ উর্দ্ধে	

জ্ঞাতব্য বিষয়

- প্রতিযোগীকে নিজের ব্যবহারের উপযোগী ৩×৩ রুবিক্স কিউব সঙ্গে আনতে হবে। তবে প্রতিযোগীর কিউবের মান বা কার্যকারিতা নিয়ে কর্তৃপক্ষ সন্তুষ্ট না হলে, কর্তৃপক্ষের সরবরাহ করা রুবিক্স কিউব ব্যবহার করেই প্রতিযোগীকে অংশগ্রহণ করতে হবে।
- প্রতিযোগিতাটি একটি রাউন্ডে অনুষ্ঠিত হবে। প্রত্যেক প্রতিযোগীকে ৩ বার (Best of 3) রুবিক্স কিউব সমাধানের সুযোগ দেওয়া হবে। তিনটি প্রচেষ্টার মধ্যে সর্বনিম্ন সময়ের ভিত্তিতে চূড়ান্ত স্থান নির্ধারণ করা হবে।

পুরস্কার

- প্রতি বিভাগে **শীর্ষ ৬ জন** প্রতিযোগী পাবেন **আকর্ষণীয় পুরস্কার।**
- এছাড়াও বাকি **সমস্ত প্রতিযোগীর** জন্য থাকছে **বিশেষ পুরস্কার।**

সারা বাংলা হাসির হাট - স্ট্যান্ড-আপ কমেডি প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ সন্ধ্যা ৭:০০ টায়

সর্বোচ্চ সময়সীমা	বয়স	বিষয়
১০ মিনিট	সর্বসাধারণ	প্রতিযোগীকে নিজস্ব ভঙ্গিতে হাস্যরসাত্মক পরিবেশনার মাধ্যমে দর্শকদের আনন্দ দিতে হবে

জ্ঞাতব্য বিষয়

- কোনও প্রবেশমূল্য নেই।
- এককভাবে পরিবেশন করতে হবে।
- পরিবেশনা মৌলিক, সৃজনশীল ও হাস্যরসাত্মক হতে হবে।
- অশালীন ভাষা, ব্যক্তিগত আক্রমণ, ধর্মীয় বা সাম্প্রদায়িক বিদ্বেষ এবং অপমানজনক কৌতুক নিষিদ্ধ।
- হাস্যরস, মৌলিকত্ব, উপস্থাপনা, আত্মবিশ্বাস ও দর্শকদের সঙ্গে সংযোগের ভিত্তিতে বিচার করা হবে।

পুরস্কার

- **শীর্ষ ৬ জন প্রতিযোগী** পাবেন **আকর্ষণীয় পুরস্কার।**
- এছাড়াও বাকি **সমস্ত প্রতিযোগীর** জন্য থাকছে **বিশেষ পুরস্কার।**

✿—— ২৬ শে ডিসেম্বর ২০২৬, শনিবার ——✿

সারা বাংলা আবৃত্তি প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ রবীন্দ্র মঞ্চ

বিভাগ	সময়	সময়সীমা	বয়স	বিষয়
ক	সকাল ৯ টায়	৩ মিঃ	৮ বৎসর পর্যন্ত	সুকুমার রায় / অপূর্ব দত্ত / ভবানীপ্রাসাদ মজুমদারের যেকোনো কবিতা
খ	দুপুর ১২ টায়	৪ মিঃ	৮+ থেকে ১২ বৎসর পর্যন্ত	রবীন্দ্রনাথ ঠাকুর / কাজী নজরুল ইসলাম / রামতনু ঘাটীর যেকোনো কবিতা
ক ও খ	দুপুর ২:৩০ টায়	৪ মিঃ	প্রথম স্থানাধিকারী	সেরার সেরা পর্ব : প্রাপ্ত নম্বরের ভিত্তিতে অথবা নিজের পছন্দমতো যেকোনো একটি কবিতা
গ	দুপুর ৩ টায়	৪ মিঃ	১২+ থেকে ১৬ বৎসর পর্যন্ত	সুভাষ মুখোপাধ্যায় / শঙ্খ ঘোষ / সুকান্ত ভট্টাচার্যের যেকোনো কবিতা
ঘ	বিকেল ৪ টায়	৫ মিঃ	১৬ ঊর্ধে	মল্লিকা সেনগুপ্ত / নির্মলেন্দু গুণ / শক্তি চট্টোপাধ্যায়ের যেকোনো কবিতা
গ ও ঘ	বিকেল ৫ টায়	৫ মিঃ	প্রথম স্থানাধিকারী	সেরার সেরা পর্ব : প্রাপ্ত নম্বরের ভিত্তিতে অথবা নিজের পছন্দমতো যেকোনো একটি কবিতা

জ্ঞাতব্য বিষয়

- প্রতিযোগীকে আবৃত্তির ৫ কপি প্রতিলিপি (জেরক্স বা স্পষ্ট অক্ষরে হাতে লেখা) সঙ্গে রাখতে হবে।

পুরস্কার

- প্রতি বিভাগে **শীর্ষ ১০ জন** প্রতিযোগী পাবেন **আকর্ষণীয় পুরস্কার**।
- এছাড়াও বাকি **সমস্ত প্রতিযোগীর** জন্য থাকছে **বিশেষ পুরস্কার।**
- ক বিভাগের প্রত্যেক প্রতিযোগীর জন্য থাকছে **বিশেষ উপহার।**
- ক ও খ - বিভাগ মিলিয়ে সেরার সেরা প্রতিযোগীর জন্য থাকছে **রুপোর সরস্বতী।**
- গ ও ঘ - বিভাগ মিলিয়ে সেরার সেরা প্রতিযোগীর জন্য থাকছে **রুপোর সরস্বতী।**

সারা বাংলা দাবা প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ সকাল ১০:৩০ টায়

বিভাগ	সময় নিয়ন্ত্রণ	বয়স
ক	প্রতি খেলোয়াড় ১৫ মিনিট	১২ বৎসর পর্যন্ত
খ	প্রতি খেলোয়াড় ১৫ মিনিট	১২ উর্দ্ধে

জ্ঞাতব্য বিষয়

- দুটি গ্রুপ মিলিয়ে সর্বাধিক ৫০ জন প্রতিযোগী অংশগ্রহণ করতে পারবে। দুটি পৃথক গ্রুপে খেলা হবে।
- প্রতিটি খেলা বোর্ডে সরাসরি হবে; অনলাইন খেলা নয়। এই প্রতিযোগিতা ৪/৫ রাউন্ডে অনুষ্ঠিত হবে।
- প্রতিযোগিতাটি একটি অনুশীলনমূলক দাবা প্রতিযোগিতা।
- সর্বশেষ FIDE নিয়মাবলি অনুসরণ করা হবে। প্রধান আরবিটারের সিদ্ধান্তই চূড়ান্ত।

পুরস্কার

- প্রতি বিভাগে **শীর্ষ ৬ জন** প্রতিযোগী পাবেন **আকর্ষণীয় পুরস্কার**।
- এছাড়াও বাকি **সমস্ত প্রতিযোগীর** জন্য থাকছে **বিশেষ পুরস্কার।**
- **সেরা কনিষ্ঠ দাবাড়ু** – সর্বকনিষ্ঠ প্রতিযোগীর জন্য।

সারা বাংলা ইংলিশ ট্যালেন্ট হান্ট ও পুরস্কার বিতরণ সকাল ১১ টায়, বিবেকানন্দ মঞ্চ

বিভাগ	বয়স	বিষয়
ক	১১ বৎসর পর্যন্ত	লিখিত পর্বে বাংলা শব্দের ইংরেজি ও ইংরেজি শব্দের বাংলা অর্থ লিখতে হবে। বাক্য নয়, শুধু শব্দ থাকবে - সঠিক বানানে বিশেষ গুরুত্ব।
খ	১১+ থেকে ১৬ বৎসর পর্যন্ত	

জ্ঞাতব্য বিষয়

- প্রথম পর্ব লিখিত পরীক্ষা। ফাইনাল রাউন্ডে শব্দের অর্থ বলার পাশাপাশি ইংরেজি জ্ঞান যাচাইয়ের মজাদার কিছু পর্ব থাকবে।

পুরস্কার

- প্রতি বিভাগে **শীর্ষ ৬** জন প্রতিযোগী পাবেন **আকর্ষণীয় পুরস্কার।**
- এছাড়াও বাকি **সমস্ত প্রতিযোগীর** জন্য থাকছে **বিশেষ পুরস্কার।**
- ক বিভাগের **প্রত্যেক প্রতিযোগীর** জন্য থাকছে **বিশেষ উপহার।**
- ক ও খ - বিভাগের প্রথম স্থানাধিকারীর লিখিত পর্বের ভিত্তিতে **সেরার সেরা** প্রতিযোগীর জন্য থাকছে **রুপোর কলম।**

সারা বাংলা তবলা লহরা প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ নজরুল মঞ্চ

বিভাগ	সময়	সময়সীমা	বয়স	বিষয়
ক	সকাল ১১ টায়	৬ মিঃ	১১ বৎসর পর্যন্ত	যেকোনো তালের ওপর লহরা
খ	দুপুর ১ টায়	৮ মিঃ	১১+ থেকে ১৬ বৎসর পর্যন্ত	ত্রিতাল বা ঝাঁপতালের ওপর লহরা
গ	দুপুর ৩ টায়	১০ মিঃ	১৬ ঊর্ধে	ত্রিতাল বা ঝাঁপতালের ওপর লহরা

জ্ঞাতব্য বিষয়

- নাগমা আবশ্যিক। প্রতিযোগী নাগমা বাজানোর জন্য নিজস্ব শিল্পীর / অনলাইনেও সংগত পেতে পারেন।

পুরস্কার

- প্রতি বিভাগে **শীর্ষ ৬ জন** প্রতিযোগী পাবেন **আকর্ষণীয় পুরস্কার।**
- এছাড়াও বাকি **সমস্ত প্রতিযোগীর** জন্য থাকছে **বিশেষ পুরস্কার।**
- ক বিভাগের **প্রত্যেক প্রতিযোগীর** জন্য থাকছে **বিশেষ উপহার।**

সারা বাংলা অনন্য প্রতিভার সন্ধানে প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ সন্ধ্যা ৬:০০ টায়

বয়স	সর্বোচ্চ সময়সীমা	বিষয়
সর্বসাধারণ	১০ মিনিট	যে কোনও ধরনের ব্যতিক্রমী বা সৃজনশীল প্রতিভা নিয়ে অংশগ্রহণ করা যাবে।

জ্ঞাতব্য বিষয়

- কোনও প্রবেশমূল্য নেই। এককভাবে পরিবেশন করতে হবে। বিপজ্জনক বা ঝুঁকিপূর্ণ পরিবেশনা অনুমোদিত নয়।
- প্রগতি সাংস্কৃতিক প্রতিযোগিতায় যে প্রতিভাগুলির জন্য পৃথক প্রতিযোগিতা রয়েছে, সেগুলি ছাড়া অন্য কোনও ব্যতিক্রমী ট্যালেন্ট প্রদর্শন করতে হবে।

পুরস্কার

- **শীর্ষ ৬ জন প্রতিযোগী** পাবেন **আকর্ষণীয় পুরস্কার।** এছাড়াও বাকি **সমস্ত প্রতিযোগীর** জন্য থাকছে **বিশেষ পুরস্কার।**

✿—— ২৭শে ডিসেম্বর ২০২৬, রবিবার ——✿

সারা বাংলা নৃত্য প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ

বিভাগ	সময়	বয়স	সময়সীমা	মঞ্চ	বিষয়
ক	সকাল ৯:০০ টায়	৮ বৎসর পর্যন্ত	৪ মিঃ	বিবেকানন্দ মঞ্চ	যেকোনো একটি ছড়ার গানে নৃত্য / রবীন্দ্র নৃত্য
খ	সকাল ৯:০০ টায়	৮+ থেকে ১১ বৎসর পর্যন্ত	৪ মিঃ	রবীন্দ্র মঞ্চ	যেকোনো একটি রবীন্দ্র নৃত্য / নজরুল গীতি নৃত্য
গ	সকাল ৯:০০ টায়	১১+ থেকে ১৪ বৎসর পর্যন্ত	৫ মিঃ	নজরুল মঞ্চ	যেকোনো একটি নজরুল গীতি নৃত্য / বাংলা লোকনৃত্য
ঘ	দুপুর ২ টায়	১৪+ থেকে ১৯ বৎসর পর্যন্ত	৫ মিঃ	নজরুল মঞ্চ	যেকোনো একটি বাংলা লোকনৃত্য / বাংলা আধুনিক গানে নৃত্য
ঙ	দুপুর ২.৩০ টায়	১৯ ঊর্ধে	৫ মিঃ	রবীন্দ্র মঞ্চ	নিজের পছন্দমতো যেকোনো একটি রুচি সম্মত বাংলা গানে নৃত্য
সেরার সেরা - ক, খ ও গ	দুপুর ২ টায়	প্রথম স্থানাধিকারী	৫ মিঃ	রবীন্দ্র মঞ্চ	নিজের পছন্দমতো যেকোনো একটি রুচি সম্মত বাংলা গানে নৃত্য
সেরার সেরা - ঘ ও ঙ	বিকেল ৪ টায়	প্রথম স্থানাধিকারী	৫ মিঃ	রবীন্দ্র মঞ্চ	নিজের পছন্দমতো যেকোনো একটি রুচি সম্মত বাংলা গানে নৃত্য
সমবেত	বিকেল ৪:৩০ টায়	২১ বৎসর পর্যন্ত	৭ মিঃ	রবীন্দ্র মঞ্চ	যেকোনো একটি বাংলা জীবনমুখী গানে নৃত্য / বাংলা আধুনিক গানে নৃত্য / থিম ভিত্তিক বা দেশাত্ববোধক নৃত্য (হিন্দি গানও চলবে)

জ্ঞাতব্য বিষয়

- প্রতিযোগিতা সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে, নৃত্য পরিবেশনের নির্বাচিত গানটি রেজিস্ট্রেশনের সময় আপলোড করার অনুরোধ করা হচ্ছে। যদি গানটি পরে ঠিক হয় তাহলে যেকোনো সময় প্রগতি ওয়েবসাইটে আপলোড করা যাবে। এছাড়া, Candidate ID উল্লেখ করে যেকোনো সময় 8240028929 নম্বরে WhatsApp-এর মাধ্যমে অথবা প্রতিযোগিতার দিন অনুষ্ঠানস্থলেও জমা দেওয়া যাবে। তবে গান ঠিক হওয়ার পর যত দ্রুত সম্ভব WhatsApp-এ পাঠানোর অনুরোধ রইল। জমা দেওয়া গান শুধুমাত্র প্রতিযোগিতা পরিচালনার কাজে ব্যবহার করা হবে এবং প্রতিযোগিতা শেষে Delete করা হবে।
- প্রতিযোগিতা পরিচালনার স্বার্থে, অংশগ্রহণকারী সংখ্যা বেশি হলে সময়সীমা কিছুটা কমানোও হতে পারে।
- সমবেত নৃত্য প্রতিযোগিতায় ৩ থেকে ৬ জনের দল অংশগ্রহণ করতে পারবে।

পুরস্কার

- ক, খ, গ, ঘ ও ঙ বিভাগে **শীর্ষ ১০ জন** করে মোট **৫০ জন প্রতিযোগীর** জন্য থাকছে **আকর্ষণীয় পুরস্কার!**
- সমবেত নৃত্য বিভাগে **শীর্ষ ৩ টি দল ও প্রত্যেক সদস্য** পাবেন **আকর্ষণীয় পুরস্কার।**
- এছাড়াও বাকি **সমস্ত প্রতিযোগীর** জন্য থাকছে **বিশেষ পুরস্কার।**
- ক বিভাগের **প্রত্যেক প্রতিযোগীর** জন্য থাকছে **বিশেষ উপহার।**
- ক, খ ও গ - বিভাগ মিলিয়ে সেরার সেরা প্রতিযোগীর জন্য থাকছে **রুপোর সরস্বতী।**
- ঘ ও ঙ - বিভাগ মিলিয়ে সেরার সেরা প্রতিযোগীর জন্য থাকছে **রুপোর সরস্বতী।**

সারা বাংলা মোবাইল ফোটোগ্রাফি প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ

ছবি তোলার সময়	বয়স	বিষয়
ওইদিন সকাল ৬ টা থেকে দুপুর ১ টার মধ্যে	সর্বসাধারণ	গ্রামাঞ্চলের দৃশ্য / ঐতিহ্য / মানুষ / সৃজনশীল দৃষ্টিভঙ্গি / এক ফ্রেমে এক গল্প

জ্ঞাতব্য বিষয়

- বিচারের মাপকাঠি : কম্পোজিশন, সৃজনশীলতা ও মৌলিকত্ব, থিমের সাথে প্রাসঙ্গিকতা, আবেগ ও প্রভাব, ফ্রেমিং এবং দৃষ্টিকোণ, গুণগত মান, আলোকসম্পাত।
- যেকোনো একটি বিষয় থেকে অথবা একাধিক বিষয় মিলিয়ে সর্বোচ্চ ৫টি ছবি জমা দেওয়া যাবে। প্রতিটি ছবির সঙ্গে বিষয়ের নাম ও একটি উপযুক্ত শিরোনাম বা সংক্ষিপ্ত বিবরণ দিতে হবে।
- সমস্ত জমা দেওয়া ছবি অবশ্যই অংশগ্রহণকারীর দ্বারা তোলা ছবি হতে হবে।
- ছবিতে ওয়াটারমার্ক বা এডিট করা যাবে না। প্রতিযোগীর তোলা অরিজিনাল ছবি জমা দিতে হবে।
- ছবিটি প্রতিযোগিতার স্থান থেকে ৬ কিলোমিটারের মধ্যে তোলা হতে হবে।
- দুপুর ১টার মধ্যে প্রগতি পোর্টালে অথবা WhatsApp-এর মাধ্যমে 8240028929 নম্বরে ছবি জমা দিতে হবে।

পুরস্কার

- **শীর্ষ ৬ জন** প্রতিযোগী পাবেন **আকর্ষণীয় পুরস্কার।**
- এছাড়াও বাকি **সমস্ত প্রতিযোগীর** জন্য থাকছে **বিশেষ পুরস্কার।**

সারা বাংলা বিজ্ঞান মডেল প্রদর্শনী প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ সকাল ১০ টায়

দল	বয়স	বিষয়
প্রতি দলে সর্বাধিক ৩ জন	১৮ বছর পর্যন্ত	পদার্থবিদ্যা, রসায়ন, জীববিদ্যা, পরিবেশবিজ্ঞান অথবা বিজ্ঞানভিত্তিক যেকোনো উদ্ভাবনী মডেল।

জ্ঞাতব্য বিষয়

- কোনও প্রবেশমূল্য নেই।
- সময়সূচি: সকাল ১০টা–দুপুর ১২টা: প্রস্তুতি | দুপুর ১২টা–২টো: বিচারকদের পরিদর্শন | দুপুর ২টো–৩টে: মূল্যায়ন | দুপুর ৩টে: ফলাফল ঘোষণা। অতিরিক্ত প্রস্তুতির সময় লাগলে আগে জানাতে হবে।
- মডেলটি নিজস্ব ও মৌলিক হতে হবে।
- মডেলের কার্যপ্রণালী ও বৈজ্ঞানিক ব্যাখ্যা প্রতিযোগীদের দিতে হবে।
- মডেল তৈরির প্রয়োজনীয় উপকরণ প্রতিযোগীদের নিজেদের আনতে হবে।
- বিপজ্জনক রাসায়নিক, আগুন বা অনিরাপদ বৈদ্যুতিক সংযোগ ব্যবহার করা যাবে না।
- বৈজ্ঞানিক ধারণা, সৃজনশীলতা, কার্যকারিতা ও উপস্থাপনার ভিত্তিতে বিচার করা হবে।
- সর্বাধিক দল: ১০টি

পুরস্কার

- **শীর্ষ ৩ টি গ্রুপ** পাবেন **আকর্ষণীয় পুরস্কার।**
- এছাড়াও বাকি **সমস্ত প্রতিযোগীর** জন্য থাকছে **বিশেষ পুরস্কার।**

সারা বাংলা কুমার শানু ও লতা মঙ্গেশকর কণ্ঠের সন্ধানে প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ সন্ধ্যা ৬:০০ টায়			
বয়স	**সময়সীমা**	**বিভাগ**	**বিষয়**
সর্বসাধারণ	৫ মিনিট	পুরুষ	প্রতিযোগীকে কুমার শানুর গাওয়া একটি বাংলা বা হিন্দি গান পরিবেশন করতে হবে।
		মহিলা	প্রতিযোগীকে লতা মঙ্গেশকরের গাওয়া একটি বাংলা বা হিন্দি গান পরিবেশন করতে হবে।

জ্ঞাতব্য বিষয়

- কোনও প্রবেশমূল্য নেই।
- কণ্ঠস্বর, গায়কির ধরন ও গায়কীশৈলীতে কুমার শানু বা লতা মঙ্গেশকরের সঙ্গে সাদৃশ্যের ভিত্তিতে বিচার করা হবে।
- প্রতিযোগীকে অবশ্যই মিউজিক ট্র্যাক বা কারাওকে-র সঙ্গে গান পরিবেশন করতে হবে।
- ডুয়েট গান পরিবেশন করা যাবে না; এককভাবে গান গাইতে হবে।
- প্রয়োজনে মোবাইল বা গানের লিরিক্স দেখে গান গাওয়া যাবে।

পুরস্কার

- দুটি বিভাগে **শীর্ষ ৩ জন করে প্রতিযোগী** পাবেন **আকর্ষণীয় পুরস্কার।**
- এছাড়াও বাকি **সমস্ত প্রতিযোগীর** জন্য থাকছে **বিশেষ পুরস্কার।**

পথনির্দেশ :

- দেউলটি রেলওয়ে স্টেশন থেকে টোটো ধরে দ্বীপামালিতা খেলার মাঠ।
- বাগনান স্টেশন থেকে মানকুর/কল্যানপুরের অটো ধরে কল্যাণপুর, কল্যাণপুর থেকে টোটো ধরে দ্বীপামালিতা খেলার মাঠ।

নিয়মাবলী ও শর্তাবলী :-

1. অনলাইনে নাম লেখাতে গুগল ক্রোম বা যে কোনো ব্রাউজারে ওপেন করুন www.pragatiacademy.org
2. হোয়াটসঅ্যাপে নাম পাঠাতে হলে প্রতিযোগীর পরিচয়পত্র 8240028929 নম্বরে পাঠান। সঙ্গে যে প্রতিযোগিতায় অংশ নিতে চান তার নাম উল্লেখ করুন। ফোনে নাম নথিভুক্ত করতে চাইলে 8345884054 নম্বরে কল করুন। নাম নথিভুক্ত হলে Candidate ID দেওয়া হবে। প্রতিযোগিতার দিন Candidate ID প্রয়োজন হবে, তাই Candidate ID-টি অবশ্যই মনে রাখবেন।
3. নাম লেখানোর শেষ দিন ২০শে ডিসেম্বর ২০২৬।
4. প্রতিযোগিতার প্রবেশমূল্য অনলাইনে অথবা প্রতিযোগিতার দিন অনুষ্ঠানস্থলে জমা দিতে পারবেন। তবে ভিড় এড়াতে প্রবেশমূল্য, বয়সের প্রমাণপত্র ও প্রতিযোগীর একটি পাসপোর্ট সাইজ ছবি অনলাইনে আপলোড করার অনুরোধ করা হচ্ছে। ছবি ও অন্যান্য নথি WhatsApp-এর মাধ্যমেও 8240028929 নম্বরে পাঠাতে পারবেন।
5. অনলাইনে প্রবেশমূল্য ও বয়সের প্রমাণপত্র যাচাই হয়ে গেলে প্রতিযোগিতার দিন কোনও নথি আনতে হবে না। শুধু উপস্থিতি জানালেই হবে।
6. প্রতিটি প্রতিযোগিতায় আসনসংখ্যা সীমিত। তাই দ্রুত নাম নথিভুক্ত করুন। নির্ধারিত আসন পূর্ণ হলে রেজিস্ট্রেশন বন্ধ হয়ে যাবে।
7. কোনও প্রতিযোগিতায় নাম নথিভুক্ত করার পর শেষ মুহূর্তে অংশগ্রহণ করতে না পারলে, অনুগ্রহ করে আপনার Candidate ID ও প্রতিযোগিতার নাম উল্লেখ করে 8240028929 নম্বরে WhatsApp-এর মাধ্যমে আগাম জানিয়ে দেবেন। সেক্ষেত্রে জমা দেওয়া প্রবেশমূল্য সম্পূর্ণ ফেরত দেওয়া হবে।

8. আপনার ঐদিনের উপস্থিতি অনুযায়ী আপনার প্রতিযোগিতায় অংশগ্রহণের ক্রম হবে আবৃত্তি, যোগাসন, সঙ্গীত, নৃত্য, তবলা লহরা, রুবিক্স কিউব, নাটিকা, হাসির হাট, অনন্য প্রতিভার সন্ধানে এবং কুমার শানু ও লতা মঙ্গেশকরের কণ্ঠের সন্ধানে। দূরবর্তী স্থান থেকে আগত প্রতিযোগীদের কিছুটা দেরিতে উপস্থিত হলেও অসুবিধা নেই।

   তবে অঙ্কন, ক্যুইজ, ইংলিশ ট্যালেন্ট হান্ট, দাবা, সুডোকু, আলপনা, শব্দছক, সুন্দর হাতের লেখা ও বিজ্ঞান মডেল প্রদর্শনী প্রতিযোগিতায় সমস্ত প্রতিযোগীকে একসঙ্গে উপস্থিত থাকতে হবে। তাই এই প্রতিযোগিতাগুলির ক্ষেত্রে নির্ধারিত সময়ের আগেই পর্যাপ্ত সময় হাতে নিয়ে প্রতিযোগিতার স্থানে পৌঁছনোর অনুরোধ করা হচ্ছে।

9. প্রত্যেকটি প্রতিযোগিতার জন্য বয়সের প্রমাণপত্র আবশ্যিক। যাঁরা গত বছর বা এবছর অনলাইনে বয়সের প্রমাণপত্র আপলোড করেছেন তাঁদের আর বয়সের প্রমাণপত্র লাগবে না। যাঁরা বিগত বছরে বয়সের প্রমাণপত্র প্রতিযোগিতার দিন সঙ্গে নিয়ে এসেছিলেন তাঁরা এবছরও বয়সের প্রমাণপত্র সঙ্গে নিয়ে আসবেন।

10. প্রতিযোগিতার এন্ট্রি ফি:
    - বিজ্ঞান মডেল প্রদর্শনী, নাটিকা, হাসির হাট, অনন্য প্রতিভার সন্ধানে এবং কুমার শানু ও লতা মঙ্গেশকর কণ্ঠের সন্ধানে: কোনও এন্ট্রি ফি নেই।
    - আলপনা, সুন্দর হাতের লেখা প্রতিযোগিতা: ১০০ টাকা
    - যোগাসন প্রতিযোগিতা: ২০০ টাকা।
    - ক্যুইজ ও দাবা প্রতিযোগিতা: ৩০০ টাকা।
    - সমবেত নৃত্য প্রতিযোগিতা: ৪০০ টাকা।
    - বাকি সমস্ত প্রতিযোগিতা: ১৫০ টাকা।

11. বিভাগ নির্ধারণ জন্মতারিখ অনুযায়ী হবে।

12. বয়স নির্ধারণ ০১/১২/২০২৬ তারিখ অনুযায়ী গণনা হবে। অর্থাৎ কোনো প্রতিযোগিতায় প্রতিযোগীর বয়স ৬ বৎসর পর্যন্ত অনুমতি থাকলে জন্ম তারিখ ০১/১২/২০২০ বা তার পরে হতে হবে, ৮ বৎসর পর্যন্ত অনুমতি থাকলে জন্ম সাল ০১/১২/২০১৮ বা তার পরে হতে হবে ইত্যাদি।

13. বিচারকের সিদ্ধান্তই চূড়ান্ত। প্রত্যেকটি দিবাকালীন প্রতিযোগিতায় বিচারক বাগনান থানার বাইরে থেকে আসবেন। আবৃত্তি, যোগাসন, সঙ্গীত, নৃত্য, তবলা লহরা, নাটিকা, হাসির হাট, অনন্য প্রতিভার সন্ধানে, কুমার শানু ও লতা মঙ্গেশকর কণ্ঠের সন্ধানে ক্ষেত্রে প্রতিযোগী পারফর্ম করার সঙ্গে সঙ্গেই স্ক্রিনে স্কোর দেখানো হবে অথবা প্রতিযোগিতার শেষে বিচারকদের স্কোরশীট প্রকাশ করা হবে।

14. প্রতিযোগিতার স্বচ্ছতা ও ন্যায্যতা রক্ষার্থে বিচারকগণের ছাত্রছাত্রীদের অংশগ্রহণ না করার অনুরোধ জানানো হচ্ছে। সংশ্লিষ্ট বিচারকবৃন্দ অনুগ্রহ করে তাঁদের পরিচিত শিক্ষার্থীদের এই বিষয়ে অবহিত করবেন।

15. একই দিনে একাধিক প্রতিযোগিতা থাকলেও সাধারণত প্রতিযোগীরা সবকটিতে অংশগ্রহণ করতে পারবে। তবে নিচের প্রতিযোগিতাগুলির ক্ষেত্রে একজন প্রতিযোগী একই সঙ্গে উভয় প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে না:
    - অঙ্কন ও শব্দছক
    - আলপনা ও ক্যুইজ
    - আলপনা ও সুডোকু
    - দাবা ও ইংলিশ ট্যালেন্ট হান্ট

    বিশেষ দ্রষ্টব্য: কোনও প্রতিযোগী একই দিনে একাধিক প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে চাইলে, অনুগ্রহ করে আমাদের স্বেচ্ছাসেবককে আগেই জানাবেন।

16. সমস্ত প্রতিযোগিতায় পুরস্কারপ্রাপ্ত প্রতিযোগীদের অনুরোধ করা হচ্ছে, তাঁরা যেন প্রতিযোগিতার দিনেই মঞ্চ থেকে নিজের হাতে পুরস্কার গ্রহণ করেন।

17. প্রতিযোগিতা চলাকালীন সংগৃহীত ছবি, ভিডিও এবং প্রতিযোগীদের জমা দেওয়া সৃজনশীল কাজগুলি প্রগতি সাংস্কৃতিক সংস্থা প্রদর্শনী, প্রকাশনা ও সোশ্যাল মিডিয়ায় প্রচারের জন্য ব্যবহার করতে পারবে। এগুলির সংরক্ষণ ও ব্যবহারের স্বত্ব সংস্থার অধীনে থাকবে।

18. সেরার সেরা পর্বে অংশগ্রহণের যোগ্য প্রথম স্থানাধিকারীদের ওই পর্বের সমাপ্তি পর্যন্ত উপস্থিত থাকা আবশ্যিক। অন্যথায় সেরার সেরা পর্ব আয়োজন করা সম্ভব নাও হতে পারে।

19. প্রতিযোগিতা পরিচালনার স্বার্থে কিছু নিয়ম পরিবর্তন হতে পারে।

20. দিবাকালীন প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের জন্য মধ্যাহ্নভোজের ব্যবস্থা থাকবে। অভিভাবকরা অনলাইন রেজিস্ট্রেশনের সময় ৬০ টাকার বিনিময়ে অথবা প্রতিযোগিতার দিন সকালে জানিয়েও মধ্যাহ্নভোজের জন্য আবেদন করতে পারবেন। সান্ধ্যকালীন প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের জন্য টিফিনের ব্যবস্থা থাকবে।

21. লিখিত পর্বে একই নম্বর পেলে উত্তরপত্র আগে জমা দেওয়ার ভিত্তিতে প্রাধান্য দেওয়া হবে। ইংলিশ ট্যালেন্ট হান্ট ও ক্যুইজ প্রতিযোগিতায় প্রতিযোগীদের মধ্যে চূড়ান্ত পর্বে একই নম্বর থাকলে ট্রাইব্রেকার অথবা প্রথম পর্ব অনুযায়ী চূড়ান্ত স্থান নির্ধারণ হবে।

22. https://www.facebook.com/PragatiAcademyOnline
https://whatsapp.com/channel/0029VaBgBwF9Gv7bnbADJB3Y
উপরের লিংক দু'টির মাধ্যমে আমাদের ফেসবুক পেজ ও হোয়াটস্যাপ চ্যানেলে যুক্ত হতে পারবেন। প্রতিযোগিতার সমস্ত গুরুত্বপূর্ণ তথ্য ও আপডেট সেখানেই নিয়মিত প্রকাশিত হবে।

প্রগতি সাংস্কৃতিক প্রতিযোগিতা ২০২৫ এর প্রত্যেকটি প্রতিযোগিতার প্রথম - দ্বিতীয় - তৃতীয় স্থানাধিকারী

প্রগতি অঙ্কন প্রতিযোগিতা ২০২৫

বিভাগ	প্রথম	দ্বিতীয়	তৃতীয়
ক	আদ্রিতা খান , আমতা	ঈশিকা মল্লিক, বাগনান	প্রাংশু চক্রবর্তী, আমতা
খ	সৃজীতা ভাণ্ডারী, উদয়নারায়ণপুর	অদ্রিজা দে, সরসুনা	৩য়, সার্তিক দাস, বাগনান
গ	ঋতন্যা দেঁড়ে, উদয়নারায়ণপুর	রিয়ান ঘোষ, উদয়নারায়ণপুর	অগ্নিভো চক্রবর্তী, চন্দননগর
ঘ	সোহম রায়, শ্যামপুর	প্রিয়ম মন্ডল, উলুবেড়িয়া	রিক মণ্ডল, উদয়নারায়ণপুর
ঙ	শান্তম সাউ, শ্যামপুর	সৌজাত্য প্রতাপ রায়, উলুবেড়িয়া	সুস্মিতা কোলে, উদয়নারায়ণপুর

প্রগতি ক্যুইজ প্রতিযোগিতা ২০২৫

বিভাগ	প্রথম	দ্বিতীয়	তৃতীয়
ক	আদ্রিয়া মান্না ও সঙ্গী, বাগনান	সুদীপ সেন ও সঙ্গী, বাগনান	স্বাগ্নিক কোলে ও সঙ্গী, সিংটি শিবপুর
খ	স্পন্দন ভাদুড়ী ও সঙ্গী, জগাছা	স্বাগ্নিক ভট্টাচার্য ও সঙ্গী, জগৎবল্লভপুর	আয়ুষ খান ও সঙ্গী, আমতা
গ	সুমন কুমার নিয়োগী ও সঙ্গী, শ্রীরামপুর	মৌনেশ হাজরা ও সঙ্গী, আমতা	দেবব্রত সোম ও সঙ্গী, বাগনান

প্রগতি নৃত্য প্রতিযোগিতা ২০২৫

বিভাগ	প্রথম	দ্বিতীয়	তৃতীয়
ক	দীপ্তশ্রী অধিকারী, জগদ্দল	সৃজনী কুণ্ডু, হাঁসখালি	অদ্রিজা উত্থাসিনী, শ্যামপুর
খ	অদিত্রী বিশ্বাস, শ্যামনগর	সুমিত রুইদাস, বাগনান	সংস্কৃতি সামন্ত, পাঁশকুড়া
গ	তিয়াশা দে, জগদ্দল	অন্বেষা পাল, বাগনান	অঙ্কিতা দাস, শহিদ মাতঙ্গিনী
ঘ	ওম দাস, রাজাপুর	গুঞ্জন বিশ্বাস, উলুবেড়িয়া	অঙ্কিতা দাস, চুঁচুড়া
সমবেত	ছন্দম ড্যান্স একাডেমী, লিলুয়া	লিটল ড্যান্স একাডেমী, ডানকুনী	

প্রগতি আবৃত্তি প্রতিযোগিতা ২০২৫

বিভাগ	প্রথম	দ্বিতীয়	তৃতীয়
ক	আদিত্রী মণ্ডল, শ্যামপুর	দীপ্তিম মুখার্জি, বাগনান	স্নাগ্নিক বুড়াই, শ্যামপুর
খ	রাজধি দলপতি, শ্যামপুর	সৃজিতা জানা, বাগনান	পৌলমী পাল, শ্যামপুর
গ	অঙ্কন মণ্ডল, শ্যামপুর	কোয়েনা সাউ, আমতা	জয়শ্রী বারিক, শ্যামপুর
ঘ	তিথি রানি খাঁড়া, মহিষাদল	মন্দিরা দাস, শ্যামপুর	শ্রুতি ঘোষ, বাগনান

প্রগতি সঙ্গীত প্রতিযোগিতা ২০২৫

বিভাগ	প্রথম	দ্বিতীয়	তৃতীয়
ক	স্বর্ণজা মধুকরী বিশ্বাস, উত্তরপাড়া	আদ্রিক মুখার্জি, ব্যাঁটরা	অঙ্কিতা মাইতি, বালি
খ	দেবার্ঘ্য বেরা, শ্যামপুর	শ্রেয়ান মল্লিক, বাগনান	সায়ন সেনাপতি, তমলুক
গ	কৃষ্ণা ঘোষ, বাগনান	ডঃ সুদীপ্ত মল্লিক, বাগনান	স্বাগতা লক্ষ্মী দাস, ঝিখিরা

প্রগতি যোগাসন প্রতিযোগিতা ২০২৫

বিভাগ	প্রথম	দ্বিতীয়	তৃতীয়
ক (বালক)	অঙ্কুশ হাজরা, উলুবেড়িয়া	নীলেশ মান্না, বাগনান	শ্রেয়ান চক্রবর্তী, উদয়নারায়ণপুর
ক (বালিকা)	সৃষ্টি ভৌমিক, বাগনান	অর্ণা পাঁজা, আমতা	অনিন্দিতা আদক, রাজাপুর
খ (বালক)	রিক মণ্ডল, বাগনান	অগ্নিভ জানা, বাগনান	অঙ্কুশ আদক, রাজাপুর
খ (বালিকা)	দ্রিজা মণ্ডল, লিলুয়া	অনন্যা আদক, রাজাপুর	আরসিনা খাতুন, আমতা
গ (বালক)	ঋতায়ন জানা, বাগনান	শুভ্র মাট্যা, নন্দকুমার	রণিক মাইতি, বাগনান
গ (বালিকা)	অদিতি জানা, বাগনান	কোয়েনা প্রামাণিক, শ্যামপুর	তুহি দেশমুখ, রাজাপুর
ঘ (বালক)	শুভ চক্রবর্তী, কমলপুর	অয়ন সামন্ত, শ্যামপুর	সৌম্যজিৎ আদক, রাজাপুর
ঘ (বালিকা)	সৌমী আদক, রাজাপুর	রূপসা অধিকারী, বাগনান	শ্রেয়া সাউ, বাগনান

প্রগতি তবলা প্রতিযোগিতা ২০২৫

বিভাগ	প্রথম	দ্বিতীয়	তৃতীয়
ক	রাজ মণ্ডল, হরিণঘাটা	রুদ্রাক্ষ আচার্য, নন্দকুমার	স্নাগ্নিক বুড়াই, শ্যামপুর
খ	সৃজিত অধিকারী, ওন্দা	চয়ন চক্রবর্তী, নন্দকুমার	স্বর্ণালী চক্রবর্তী, উলুবেড়িয়া
গ	ত্রিদীপ উপাধ্যায়, নন্দকুমার	সুদীপ উপাধ্যায়, নন্দকুমার	সৌরদীপ চক্র, তমলুক

প্রগতি রুবিক্স কিউব প্রতিযোগিতা ২০২৫

বিভাগ	প্রথম	দ্বিতীয়	তৃতীয়
ক	আয়ুষ্মান বেরা, বাগনান	প্রিয়ব্রত বোধক, বাগনান	শঙ্খময় দে, খানাকুল
খ	স্বপ্ন কুমার আরাং, শ্যামপুর	সায়নদীপ সামন্ত, বাগনান	ধ্রুব পাত্র, বাগনান

প্রগতি ইংলিশ ট্যালেন্ট হান্ট প্রতিযোগিতা ২০২৫

বিভাগ	প্রথম	দ্বিতীয়	তৃতীয়
ক	আদ্রিয়া মান্না, বাগনান	অর্ণা চক্রবর্তী, কোলাঘাট	বিভু দাস, বাগনান
খ	রাজধি দলপতি, শ্যামপুর	শ্রেয়ান মল্লিক, বাগনান	অস্মিতা পাল, শ্যামপুর

প্রগতি দাবা প্রতিযোগিতা ২০২৫

বিভাগ	প্রথম	দ্বিতীয়	তৃতীয়
ক	ঈশান খাঁড়া, বাগনান	শ্রীকুমার আরাং, শ্যামপুর	
খ	সৃজন দাস, সাঁকরাইল	তুফান দাস, লিলুয়া	সোহম প্রামাণিক, বাগনান

প্রগতি ফোটোগ্রাফি প্রতিযোগিতা ২০২৫

বিভাগ	প্রথম	দ্বিতীয়	তৃতীয়
DSLR	শুভম রায়, বাগনান	প্রণব আদক, বাগনান	সোহম বেরা, বাগনান
মোবাইল	শেখ আক্তার উল ইসলাম, বাগনান	অনিক চক্রবর্তী, বাগনান	সৌম্য জানা, বাগনান

প্রগতি সুডোকু প্রতিযোগিতা ২০২৫

বিভাগ	প্রথম	দ্বিতীয়	তৃতীয়
ক	সায়ন বেড়া, বাগনান	ঈশান খাঁড়া, বাগনান	সামায়ন দে, বাগনান
খ	শিবানী দাস, বাগনান	বিতান প্রামাণিক, বাগনান	সুপ্রিয় ঘোষ, আমতা